সাংবাদিক ইউনিয়নের অবস্থান কর্মসূচি আজ

অবৈধভাবে ৮ সাংবাদিক এবং কর্মী ছাঁটাইয়ের সূত্র ধরে উদ্ভুত পরিস্থিতিতে সময় দিয়েও শেষ পর্যন্ত ঢাকা সাংবাদিক ইউনিয়ন- ডিইউজে নেতাদের সঙ্গে আলোচনায় না বসায় অবস্থান কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন ডিইউজে নেতারা।

আজ বিকেল ৩টায় এসএটিভির গুলশান কার্যালয়ের সামনে এই কর্মসূচি পালন করা হবে।

নিয়ম নীতির তোয়াক্কা না করে এসএটিভিতে কর্মী ছাঁটাই এবং ৮ সংবাদ কর্মীকে শুধুমাত্র কারণ দর্শানো নোটিশের মাধ্যমে চাকরিচ্যুতির কারণে অসন্তোষ দেখা দেয় কর্মীদের মধ্যে।

উদ্ভুত পরিস্থিতিতে ঢাকা সাংবাদিক ইউনিয়ন- ডিইউজে নেতারা গত মঙ্গলবার সেখানে আলোচনার জন্য যান। তবে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক সালাহউদ্দিন আহমেদ বুধবার বিকেল ৩টায় তাদের সাথে আলোচনায় বসার কথা জানান।

এদিকে, এসএটিভির কর্মীরা জানান, গত সেপ্টেম্বরে ৪ মাসের বকেয়া বেতনের দাবি তোলায় সালাহউদ্দীন আহমেদ সহ ৭ সংবাদকর্মীকে তাৎক্ষণিক চাকরিচ্যুতি করেন।

এ নিয়ে ক্ষোভে ফেটে পড়েন সবাই। সে সময় মালিকপক্ষ ডিইউজে এবং এসএটিভির কর্মীদের সাথে বকেয়া বেতন পরিশোধ এবং কর্মী ছাঁটাই বন্ধে ১৩ দফার ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়।

কিন্তু ওই চুক্তির তোয়াক্কা না করে বেতন না দেয়া, বিভিন্ন বিভাগে ছাঁটাইসহ নানা অনিয়ম শুরু করায় আবারো ক্ষুব্ধ হয়ে ওঠেন সবাই।

প্রোগ্রাম বিভাগের ১০ জনকে ছাঁটাইয়ের প্রতিবাদ করায় ৮ সংবাদকর্মীকে কারণ দর্শানো নোটিশ দিয়ে তাদেরকে এসএটিভিতে প্রবেশে নিষেধাজ্ঞা জারির পাশাপাশি কার্যালয়ে পুলিশ মোতায়েন এবং বহিরাগতদের নিয়ে আসে কর্তৃপক্ষ।

এতে পরিস্থিতি আরো উত্তপ্ত হয়ে ওঠে। মালিকপক্ষ এবং হেড অব নিউজ

মাহমুদ আল ফয়সাল আন্দোলনকারীদের অনেককে নানাভাবে হুমকি ধামকি দেয়ার ফলে অনেকে নিরাপত্তা চেয়ে গুলশান থানায় সাধারণ ডায়রিও করেন।

নানা অপকর্ম আর সাংবাদিকদের চাকরিচ্যুত করার চক্রান্তের সাথে জড়িত হেড অব নিউজ মাহমুদ আল ফয়সালের বিরুদ্ধে অনাস্থা জানিয়ে ১৫০ জনেরও বেশি সাংবাদিক-কর্মচারী গণস্বাক্ষর করায় দিনভর তাদের দেখে নেয়ার হুমকি দেয়া হয়েছে। হেড অব নিউজ তার কক্ষে ডেকে নিয়ে এই হুমকি দেন।

এদিকে, দাবি আদায় না হওয়া পর্যন্ত ঘরে না ফেরার ঘোষণা দিয়েছে ডিইউজে এবং এসএটিভির কর্মীরা।

- নিজস্ব প্রতিনিধি

লেজুড়বৃত্তি ছাত্ররাজনীতি বন্ধ চান সাবেক ছাত্রনেতারা

ছাত্ররাজনীতির প্রয়োজনীয়তার কথা তুলে লেজুড়বৃত্তি ছাত্র ছাত্ররাজনীতি বন্ধের কথা বলেছেন সাবেক ছাত্রনেতারা। তারা ছাত্র সংগঠন গুলোকে স্বাধীন রাখার পক্ষে মত দেন এবং নির্বাচিত ছাত্র সংসদ প্রতিষ্ঠার কথা বলেন। সাবেক ছাত্রনেতারা বলেন, ছাত্ররাজনীতি ছাড়া জাতীয় রাজনীতি হয় না।

গতকাল সোমবার রাজধানীর জাতীয় প্রেসক্লাবে সুশাসনের জন্য নাগরিক-সুজনের আয়োজনে ‘বাংলাদেশের ছাত্ররাজনীতি ও প্রাসঙ্গিক ভাবনা’ শীর্ষক এক গোল টেবিল বৈঠকে বক্তারা ছাত্ররাজনীতি নিয়ে কথা বলেন। সাবেক ছাত্রনেতা ও বর্তমানে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন বলেছেন, ছাত্র রাজনীতিকে জাতীয় রাজনীতি থেকে বিযুক্ত করার কোনো বিষয় নেই।

জাতীয় রাজনীতির সঙ্গে ছাত্ররাজনীতিকে যুক্ত করতে হবে। তবে তা ওপর থেকে নিচে নয়, নিচ থেকে ওপরে হতে হবে। এখন ওপর থেকে নিচে হচ্ছে

বলে ছাত্ররাজনীতির মূল বিষয়গুলো হারিয়ে যাচ্ছে।

তিনি আরও বলেন, ‘আমার বোধের মধ্যে আসে না কীভাবে ছাত্র সংগঠনের গঠনতন্ত্রের মধ্যে দলের প্রধানেরা সাংগঠনিক প্রধান হয়ে যান। এই হস্তক্ষেপের বিষয়গুলো এগুলোর বিরুদ্ধে আমরা একসময় কথা বলেছি। ছাত্ররাজনীতিতে রাজনৈতিক দলের সাংগঠনিক নিয়ন্ত্রণ মুক্ত করে স্বাধীন সংগঠনে পরিণত করতে হবে। তাহলে আমরা এগোতে পারব।’

ছাত্র সংগঠনগুলোকে সঠিক জায়গায় দাঁড় করাতে হলে ছাত্র সংসদ নির্বাচনকে বাধ্যতামূলক করার কথা বলেন রাশেদ খান মেনন। তিনি বলেন, ছাত্ররাজনীতিকে যদি কলুষমুক্ত করতে হয় তাহলে জাতীয় রাজনীতিকে কলুষমুক্ত করেই তা করতে হবে।

রুগ্ন ছাত্ররাজনীতি ও জাতীয় রাজনীতির কারণেই বর্তমান সমস্যার সৃষ্টি হয়েছে উল্লেখ করে বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) সভাপতি মুজাহিদুল ইসলাম সেলিম বলেন, লুটপাটের অর্থনীতি বজায় থাকলে সুস্থধারার ছাত্ররাজনীতি ও জাতীয় রাজনীতি প্রতিষ্ঠিত করা যাবে না। ছাত্ররাজনীতিতে শুধু ছাত্রদের বিষয় নিয়ে থাকলেই হবে না, দেশের স্বার্থসংশ্লিষ্ট অন্যান্য বিষয়েও সচেতন থাকতে হবে।

সিপিবি সভাপতিও প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে নির্বাচিত ছাত্র সংসদ চালানোর কথা বলেন। তিনি ডাকসুর প্রাক্তন ভিপি, জিএস নিয়ে ‘কাউন্সিল অব এক্স ভিপিস জিএস অব ডাকসু’ প্রতিষ্ঠা করার প্রস্তাব দেন।
জেএসডি সভাপতি আ স ম আবদুর রব বলেন, জাতীয় রাজনীতি সঠিকভাবে না থাকলে ছাত্ররাজনীতিও থাকবে না।

দেশের সার্বভৌমত্ব রক্ষায় ও গণতান্ত্রিক ব্যবস্থা চালু করতে হলে ছাত্ররাজনীতি থাকতে হবে।
ডাকসুর সাবেক ভিপি ও নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না বলেন, সত্যের পক্ষে তারুণ্যের থাকতে হবে। এই দেশে এখন পর্যন্ত গণতন্ত্রের আন্দোলনের ভ্যানগার্ড হচ্ছে ছাত্ররা। ন্যায়ের সংগ্রামে ছাত্রদের আরও বেশি করে যুক্ত হতে হবে।

জাতীয় রাজনীতিতে ছাত্রদের এখন বেশি করে যুক্ত করা দরকার।
ডাকসুর নির্বাচন হওয়ার পরে এ সময়ের মধ্যে ডাকসু নেতারা শিক্ষার্থীদের জন্য কী ধরনের কাজ করতে পেরেছে বা সরকারের কাছে কী দাবি উত্থাপন করেছে তা নিয়ে প্রশ্ন রাখেন আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির সদস্য রিয়াজুল কবির কাওসার।

এ ছাড়া তিনি বলেন, শিক্ষক রাজনীতি বা ছাত্ররাজনীতিতে কিছু সমস্যা থাকলেও শিক্ষা ব্যবস্থা ধসে যায়নি। শিক্ষা ব্যবস্থা আগের চেয়ে অনেক এগিয়েছে। তবে তিনিও ডাকসুর মতো দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রদের প্রতিনিধিত্ব থাকা প্রয়োজন বলে জানান।

ডাকসুর সাবেক ভিপি ও বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা আমান উল্লাহ আমান বলেন, এখন ঐতিহাসিক পরিবর্তন প্রয়োজন। সেই পরিবর্তনের জন্য তিনি ভিপি নুরুল হককে নেতৃত্ব দেওয়ার আহ্বান জানান। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রাজনীতিতে না জড়ালে দেশ কীভাবে এগোবে প্রশ্ন রেখে ডাকসুর ভিপি নুরুল হক বলেন, রাজনীতির নামে যে অপরাজনীতি চলে তার দায় গুটিকয়েক ছাত্রসংগঠনের। তার মধ্যে আছে ছাত্রদল, ছাত্রলীগ ও ছাত্র শিবির।

ছাত্র সংগঠনের কমিটি হয়, দলের প্রধানদের নিয়ন্ত্রণে উল্লেখ করে নুরুল হক বলেন, ছাত্রদের স্বাধীনভাবে কাজ করতে দেওয়া হয় না। যোগ্যদের নেতৃত্বে আনা হয় না। এ ছাড়া বলেন, জাতীয় রাজনীতিবিদরা যখন এক জায়গায় আসতে পারেননি তখন ছাত্ররা তাদের এক করতে বাধ্য করেছে। দুর্বৃত্তায়নের রাজনীতি যারা করছেন তাদের বাইরে যারা আছেন তারা এক হতে পারলে বিপ্লবের জন্য যথেষ্ট বলে জানান।

গোল টেবিলে সভাপতির বক্তব্যে সাবেক মন্ত্রিপরিষদ সচিব আলী ইমাম মজুমদার বলেন, শিক্ষার গুণগত মান, কর্মক্ষেত্রে যোগ্য লোক না পাওয়ার বিষয়গুলো ছাত্ররাজনীতির পাশাপাশি আলোচনায় আসা দরকার। সঞ্চালকের ভূমিকায় সুজনের সাধারণ সম্পাদক বদিউল আলম মজুমদার বলেন, ‘ছাত্ররাজনীতির অনেক ঐতিহ্য আছে।

আমরা ছাত্ররাজনীতি বন্ধের পক্ষে নই। তবে লেজুড়বৃত্তি ছাত্ররাজনীতির বিপক্ষে।’
সুজনের পক্ষ থেকে ছাত্ররাজনীতিতে সুস্থতা ফিরিয়ে আনার জন্য কিছু সুপারিশ তুলে ধরা হয়। তার মধ্যে উল্লেখযোগ্য হল- গণপ্রতিনিধিত্ব আদেশ অনুযায়ী লেজুড়বৃত্তি ছাত্ররাজনীতি ও শিক্ষক রাজনীতি নিষিদ্ধ করা, শিক্ষাপ্রতিষ্ঠানে মেধা-যোগ্যতার ভিত্তিতে সিট বরাদ্দ, রাজনৈতিক বিবেচনায় উপাচার্য, শিক্ষক নিয়োগ বন্ধ করা, ছাত্র সংগঠনের সহাবস্থান নিশ্চিত করা, নিয়মিত ছাত্র সংসদ নির্বাচন করা, ধর্মভিত্তিক রাজনীতি নিষিদ্ধ করা।
গোলটেবিলে আরও বক্তব্য দেন গণফোরামের নির্বাহী সভাপতি আবু সাইয়িদ, সিপিবির কেন্দ্রীয় নেতা রুহিন হোসেন প্রিন্স, সাংবাদিক অজয় দাশগুপ্ত ও আবু সাঈদ খান, শিক্ষাবার্তা সম্পাদক এ এন রাশেদা

প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

আওয়ামী লীগে ‘পকেট কিট’ চলবে না: কাদের

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, আওয়ামী লীগে ‘পকেট কিট’ (নেতাদের পছন্দের লোক দিয়ে কমিটি করা) চলবে না। দুঃসময়ের ত্যাগী কর্মীদের মূল্যায়ন করতে হবে। যারা আন্দোলন সংগ্রাম করেছেন কিন্তু কমিটিতে জায়গা পাননি, তাদের জায়গা দিতে হবে।

পটুয়াখালী শহরের শহীদ আলাউদ্দিন শিশুপার্কে আয়োজিত জেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে গতকাল সোমবার এসব কথা বলেন ওবায়দুল কাদের।

ওবায়দুল কাদের বলেন, কর্মীদের কোণঠাসা করে আওয়ামী লীগ বাঁচবে না। বাংলাদেশকে বাঁচাতে হলে, মুক্তিযুদ্ধকে বাঁচাতে হলে, গণতন্ত্রকে বাঁচাতে হলে আওয়ামী লীগকে বাঁচাতে হবে। আর আওয়ামী লীগকে বাঁচাতে হলে দলের ত্যাগী নেতা-কর্মীদের বাঁচাতে হবে।

সম্মেলনে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে মোট ১৪ জনের নাম জমা পড়ে। ২০ মিনিট আলোচনা শেষে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের জেলা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক এর নাম ঘোষণা করেন। তাদের মধ্যে সভাপতি হন বর্তমান কমিটির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক কাজী আলমগীর ও সাধারণ সম্পাদক হন বর্তমান কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আবদুল মান্নান।

এই কমিটি তিন বছরের জন্য ঘোষণা করা হয়েছে।
সম্মেলনে দলের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুব-উল আলম হানিফ বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ‘এই সরকারের বিদায়ের ঘণ্টা বেজে গেছে’ বক্তব্যের সমালোচনা করেন। তিনি বলেন,

‘আওয়ামী লীগ গণমানুষের, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া দল। এ দল কোনো ঠুনকো কচু পাতার পানি নয় যে একে ঘণ্টা দিয়ে বা ধাক্কা দিয়ে ফেলে দেওয়া যাবে।

সর্বশেষ ২০১৪ সালের ১৩ নভেম্বর সম্মেলন হয়। ওই সম্মেলনে মো. শাহজাহান মিয়াকে সভাপতি ও খান মোশাররফ হোসেনকে সাধারণ সম্পাদক করে জেলা কমিটি গঠন করা হয়েছিল।

- নিজস্ব প্রতিনিধি

ওসি মোয়াজ্জেম হোসেনের ৮ বছরের কারাদণ্ড

ফেনীর মাদ্রাসাছাত্রী নুসরাত জাহান রাফির বক্তব্য ভিডিও করে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয়ার অভিযোগে সোনাগাজী মডেল থানার সাবেক ওসি মোয়াজ্জেম হোসেনের ৮ বছরের কারাদণ্ড দিয়েছে ট্রাইব্যুনাল।

বৃহস্পতিবার বাংলাদেশ সাইবার ট্রাইব্যুনালের বিচারক মোহাম্মদ আস-শামস জগলুল হোসেন এ রায় ঘোষণা করেন।

বিস্তারিত আসছে….

ফল আর্মি ওয়ার্র্ম পোকার আক্রমণ থেকে রক্ষা পেতে

প্রশিক্ষণ দিচ্ছে সিমিট-বাংলাদেশ

ফল আর্মি ওয়ার্ম বাংলাদেশে একটি নতুন এবং মারাত্মক ক্ষতিকর পোকা। এই পোকাটি প্রায় ৮০ টি ফসলে আক্রমণ করে থাকে তবে তারমধ্যে এরা ভুট্টা ফসলে সবচেয়ে বেশি ক্ষতি করে থাকে। বাংলাদেশে এই পোকা গত ২০১৮ সনের নভেম্বর মাস হতে ভুট্টা ফসলে আক্রমণ শুরু করেছে এবং বিগত খরিফ মৌসুমে অনেক অঞ্চলে তাদের ব্যাপকভিত্তিক আক্রমণ পরিলক্ষিত হয়।

বাংলাদেশে ২০১৯-২০ রবি মৌসুমে উক্ত ফসলে ফল আর্মিওয়ার্ম পোকার আক্রমণের মাত্রা অনেকাংশে বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। সে কারণে কৃষি মন্ত্রণালয়ের অধীনে কৃষি স¤প্রসারণ অধিদপ্তর, আন্তর্জাতিক ভুট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (সিমিট) এর কারিগরী ও ইউএসএআইডি এর আর্থিক সহযোগিতায় উক্ত পোকাটির নিবিড় পর্যবেক্ষণ কার্যক্রম শুরু করতে যাচ্ছে। সেজন্য পোকাটি সনাক্তকরণ, মাঠ পর্যায়ে এদের বিস্তৃতির ধরণ এবং সে সাথে এদের সঠিক ব্যবস্থাপনার উপর মাঠপর্যায়ের কর্মরত বিজ্ঞানী, স¤প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা একান্তভাবে জরুরী হয়ে পড়েছে।

সে লক্ষ্যে সিমিট-বাংলাদেশ, ইউএসএআইডি (USAID) এর আর্থিক সহায়তায় ৫ (পাঁচ) টি ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি বিগত ১২ নভেম্বর হতে শুরু হয়ে আগামী ২ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত চলবে। চুয়াডাঙ্গার তিন তারকা হোটেল সাহিদ প্যালেস এর রাফেল কনফারেন্স হলে পৃথক ৫টি কর্মসূচি উদ্বোধন ও প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বক্তব্য দেন কৃষি সম্প্রসারণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আব্দুর রউফ, অতিরিক্ত সচিব কমলা রঞ্জন দাস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ডিজি ড. আব্দুল মুহিত, পরিচালক চন্ডি দাস কুন্ডু, পরিচালক (প্ল্যান প্রোটেকশন উইং) এ জেড এম সাব্বির ইবনে জাহান, অতিরিক্ত পরিচালক মোহাম্মদ আলী, বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান (বিএআরআই) এর ডিজি ইউসুফ মিয়া, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইন্সটিটিউটের ডিজি ড. ইসরাইল হোসেন প্রমুখ।

এছাড়া ফল আর্মিওয়ার্ম পোকাটির নিবিড় পর্যবেক্ষণ তথা তাদের সংখ্যা উপস্থিতি নির্ধারণের জন্য সিমিট বাংলাদেশ “ইউএসএআইডি অ্যাপস” নামে একটি অ্যাপস তৈরী করেছে উক্ত অ্যাপস ভুট্টা,

বাধাকপি, টমেটো এবং অন্যান্য ফসলের পোকার সংখ্যা ও উপস্থিতি নির্ধারণ করবে যা কৃষি স¤প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট এর মাধ্যমে পর্যবেক্ষণ করা হবে।

কিভাবে এই অ্যাপসটি ব্যবহৃত হবে সে বিষয়ে নভেম্বর মাসে স¤প্রসারণ কর্মীগন প্রশিক্ষিত হবেন, ফলে জেলা ও উপজেলা পর্যায়ে ফল আর্মি ওয়ার্ম এর আক্রমনের প্রকৃত সময়ের তথ্য (Real time data) প্রদান শুরু হবে যা সমন্বিত বালাই দমনের সিদ্ধান্ত গ্রহনে ব্যবহৃত হবে এবং অন্যান্য আন্তর্জাতিক তথ্য ও মনিটরিং সিস্টেমের সাথে সমন্বয় করা যেতে পারে।

- নিজস্ব প্রতিনিধি

চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ, সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল

যুবলীগের প্রতিষ্ঠাতা শেখ ফজলুল হক মনির ছেলে শেখ ফজলে শামস পরশ সংগঠনটির চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। এছাড়া সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন মাইনুল হোসেন খান নিখিল। আগামী তিন বছর তারা সংগঠনটির দায়িত্ব পালন করবেন।

শনিবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে যুবলীগের ৭ম কংগ্রেস শেষে দ্বিতীয় অধিবেশনে ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশনে তাদের নাম ঘোষণা করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

পরশ যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শেখ ফজলুল হক মনির বড় ছেলে। এছাড়া নিখিল ঢাকা মহানগর উত্তর যুবলীগের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। ঢাকা মহানগর উত্তর যুবলীগের সভাপতির দায়িত্ব পালন করছিলেন নিখিল।

তৃণমূল থেকে উঠে আসা এ যুবনেতা বৃহত্তর লালবাগ থানা ছাত্রলীগের

সক্রিয় সদস্য হিসেবে রাজনীতিতে জড়ান। পরে মিরপুরে ওয়ার্ড যুবলীগের যুগ্ম আহ্বায়ক থেকে মহানগর ও কেন্দ্রীয় পর্যায়ে নেতৃত্ব দেন। ধার্মিক ও পরোপকারী ব্যক্তি হিসেবে তার ক্লিন ইমেজ রয়েছে।

আজ শুরু হবে ইতিহাস গড়া গোলাপি বলের টেষ্ট

ইডেন গার্ডেনে বাংলাদেশ ও ভারতের মধ্যকার দ্বিতীয় টেস্ট ম্যাচ দেখতে আজ শুক্রবার সকালে কলকাতায় যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আমন্ত্রণে গোলাপী বলের দিন-রাতের ঐতিহাসিক টেস্ট ম্যাচটি দেখতে যাচ্ছেন তিনি। এর আগে ২২-২৬ নভেম্বর অনুষ্ঠিত হতে যাওয়া টেস্ট ম্যাচটি দেখার জন্য ভারতের ক্রিকেট বোর্ডের প্রধান সৌরভ গাঙ্গুলীও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানিয়েছেন।

আজ শুক্রবার সকাল ১০ টা ২৫ মিনিটে কলকাতায় নামবেন শেখ হাসিনা। দমদম বিমানবন্দরেই তাকে স্বাগত জানাবেন ভারতীয় ক্রিকেট বোর্ড প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলী।

বিমানবন্দরে আনুষ্ঠানিকতা শেষে কলকাতার হোটেল তাজে যাবেন প্রধানমন্ত্রী। সংক্ষিপ্ত সফরকালে সেখানেই অবস্থান করবেন তিনি। পরে বেলা সাড়ে ১২টার দিকে (স্থানীয় সময়) ইডেন গার্ডেন স্টেডিয়ামে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সঙ্গে ঘণ্টা বাজিয়ে ঐতিহাসিক টেস্ট ম্যাচটির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাকে সঙ্গ দেবেন সৌরভ গাঙ্গুলী, বিসিসিআই সচিব জয় শাহ, সাবেক ক্রিকেটার শচীন টেন্ডুলকার, রাহুল দ্রাবিড়, নাঈমুর রহমান দুর্জয়, বাংলাদেশ ক্রিকেট বোর্ড সভাপতি নাজমুল হাসান পাপন ও সিএবির কয়েকজন কর্মকর্তা।

খেলা দেখতে ইডেনে উপস্থিত থাকবেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী তথা কেন্দ্রের ক্ষমতাসীন দল বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ, ভিভিএস লক্ষ্মণ, টেনিস তারকা সানিয়া মির্জা, ব্যাডমিন্টন তারকা পিভি সিন্ধু, বিশ্বজয়ী বক্সার মেরি কমসহ একঝাঁক ব্যক্তিত্ব। ভিভিআইপিদের দিকটি মাথায় রেখে কড়া নিরাপত্তার চাদরে ঢেকে ফেলা হচ্ছে গোটা ইডেন চত্বর।

বাংলাদেশ-ভারতের মধ্যেকার টেস্ট ম্যাচটির প্রথম সেশন স্টেডিয়ামে বসে উপভোগের পর আবার হোটেলে ফিরে যাবেন শেখ হাসিনা। প্রথম দিনের খেলা শেষে সন্ধ্যায় আবারও ইডেনের মাঠে ফিরে আসবেন তিনি। সেখানে সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠানের পর ক্রিকেট অ্যাসোসিয়েশন অব বেঙ্গল আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য দেবেন শেখ হাসিনা।

এরপর ২০০০ সালে ভারত-বাংলাদেশের মধ্যে আয়োজিত প্রথম টেস্টে খেলা দুই দলের ক্রিকেটারদের সংবর্ধনা দেওয়া হবে। ইডেনেই শেখ হাসিনা, মমতা ব্যানার্জি, অমিত শাহ, সৌরভ, শচীন, নাজমুলরা তাদের সক্ষিপ্ত বক্তব্য রাখবেন। ইডেন টেস্টেই শেখ হাসিনাকে পশ্চিমবঙ্গ সরকারের তরফে বিশ্ব বাংলার তৈরি ডিজাইনার শাড়ি ও অন্য উপহার সামগ্রী তুলে দেওয়া হবে। তবে অনুষ্ঠানের পর গোলাপি রঙের আতশবাজি প্রদর্শনী হওয়ার কথা থাকলেও শেখ হাসিনার নিরাপত্তার কথা ভেবে তা বাতিল হতে পারে। সংগীত পরিবেশন করবেন বাংলাদেশের রুনা লায়লা, কলকাতার জিৎ গাঙ্গুলী।

জানা গেছে, শেখ হাসিনার নিরাপত্তা এমন থাকবে, সেখানে সমস্ত সিএবি সদস্যরাও ক্লাবহাউস সংলগ্ন জায়গায় থাকতে পারবেন না। সিএবিকে বলে দেওয়া হয়েছে, কিছু কর্তা থাকতে পারবেন। তবে যারা থাকবেন, সেটা আগে থেকে তালিকা করে জানিয়ে দিতে হবে। তার বাইরে একজন লোকও সেখানে থাকতে পারবেন না।

পরে কলকাতায় একদিনের সংক্ষিপ্ত সফর শেষ করে নেতাজী সুবাস চন্দ্র বোস বিমানবন্দর থেকে রাত ১০টায় (ভারতীয় সময়) দেশের উদ্দেশে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিশেষ বিমানে উঠবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাত সাড়ে ১১টার দিকে (বাংলাদেশ সময়) তার ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের কথা রয়েছে।

এর আগে পররাষ্ট্রমন্ত্রী ড. একে আবদুল মোমেন এক ব্রিফিংয়ে সাংবাদিকদের জানান, পূর্ব নির্ধারিত অন্যান্য ব্যস্ততার কারণে

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কলকাতায় শেখ হাসিনার সঙ্গে যোগ দেবেন না। তবে শেখ হাসিনাকে রাষ্ট্রীয় অতিথির মর্যাদা দেয়া হবে।
ইডেনে দিবারাত্রির টেস্ট আকর্ষণীয় করে তুলতে আয়োজকদের চেষ্টার কমতি নেই। কিন্তু সব উদ্যোগ তখনই পূর্ণতা পাবে, যখন মাঠের খেলাটা হবে জমজমাট। আয়োজকেরা

আশাবাদী, দুই দলই উপহার দেবে রোমাঞ্চকর এক ম্যাচ।
গোলাপি বলের টেস্ট উপলক্ষে ভারতের যত আয়োজন

* ঢাউস গোলাপি রাঙা হিলিয়াম বেলুন ওড়ানো হয়েছে ইডেনে।
* এই টেস্ট উপলক্ষ্যে থাকছে বিশেষ দুটি মাসকট ‘পিংকু-টিংকু’।
* টেস্ট শুরুর আগে নামবে আট প্যারা ট্রুপার। ভারতীয় বিমানবাহিনী এটা তত্ত্বাবধান করবে। আটজন আটটি গোলাপি বল নিয়ে নামবে। তাঁরা বাংলাদেশের প্রধানমন্ত্র্রী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে হস্তান্তর করবেন গোলাপি বল।
* বাংলাদেশের প্রধানমন্ত্রী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী দুই দলের অধিনায়ককে গোলাপি বল হস্তান্তর করবেন।

* টস করতে সোনার তৈরি বিশেষ কয়েন ম্যাচ রেফারিকে হস্তান্তর করবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ।
* দুই দেশের জাতীয় সংগীত বাজাবে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।
* জাতীয় সংগীতের পর বাংলাদেশের প্রধানমন্ত্রী ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বাজাবেন ইডেনের ঘণ্টা।

* এই টেস্টে উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হয়েছে ভারতের সাবেক সব অধিনায়ককে। তাঁরা ল্যাপ অব অনার দেবেন, প্রদক্ষিণ করবেন পুরো মাঠ। এটা হবে চা বিরতিতে।
* অন্য খেলার ভারতীয় কিংবদন্তি যেমন—বক্সিংয়ে মেরি কম, টেনিসের সানিয়া মির্জা, শুটিংয়ে অভিনব বিন্দ্রাদের আমন্ত্রণ জানানো হয়েছে।
* আমন্ত্রণ জানানো হয়েছে ২০০০ সালের নভেম্বরে অভিষেক টেস্ট খেলা বাংলাদেশ দলের সব খেলোয়াড়কে।
* মাঠে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবেন দুই শ নৃত্য শিল্পী।

- নিজেস্ব প্রতিনিধি

পাকিস্তান থেকে উড়ে এলো পেঁয়াজের প্রথম চালান

আকাশপথে পাকিস্তানের করাচি বিমানবন্দর থেকে পেঁয়াজের প্রথম চালান শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছেছে।

গতকাল বুধবার সন্ধ্যা ৭টা ২০ মিনিটে একটি বেসরকারি সিল্ক সংস্থার পণ্য পরিবহনকারী উড়োজাহাজে এই চালান আমদানি হয়।

চালানটির আমদানিকারক ঢাকার শাদ এন্টারপ্রাইজ। চালানটিতে ৮১ টন ৫০০ কেজি পেঁয়াজ রয়েছে। পেঁয়াজবাহী উড়োজাহাজটি অবতরণের পর চালানটি খালাসের প্রক্রিয়া শুরু হয়েছে।

ঢাকা কাস্টমসের সহকারী কমিশনার সাজ্জাদ হোসেন জানান, সিল্কওয়ে উড়োজাহাজের ‘সেভেনএল ৩০৮৬’ ফ্লাইটে পেঁয়াজের প্রথম চালানটি এসেছে। এখন দ্রুত শুল্কায়নের প্রক্রিয়া চলছে।

শাহজালাল বিমানবন্দরে দায়িত্বরত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রের উপপরিচালক রতন কুমার সরকার বলেন, চালানটিকে যাতে সংগনিরোধ ছাড়পত্র দ্রুত দেওয়া হয়, সে জন্য তিন সদস্যের একটি দল কাজ শুরু করেছে। চালানটি পরিদর্শন করে সংগনিরোধ ছাড়পত্র দেওয়া হবে।

এ পর্যন্ত আকাশপথে চারটি উড়োজাহাজে পেঁয়াজের চালান আনার সময়সূচি ঠিক হয়েছে। শাদ এন্টারপ্রাইজ ছাড়াও চট্টগ্রামের এস আলম গ্রুপের প্রথম চালান এসেছে গতকাল বুধবার দিবাগত রাত একটায়।

সৌদিয়া এয়ারলাইন্সের যাত্রীবাহী বিমানে প্রথম চালানটি এসে পৌঁছাবে। আজ বৃহস্পতিবার বিসমিল্লাহ এয়ারলাইন্সের পণ্যবাহী উড়োজাহাজে দ্বিতীয় চালান আসবে। আগামী শুক্রবার তৃতীয় চালান আসবে সৌদিয়া এয়ারলাইন্সের যাত্রীবাহী বিমানে।

আকাশপথে পেঁয়াজের চালান আনার জন্য উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র থেকে এ পর্যন্ত ২ হাজার ৭ টনের অনুমতি নেওয়া হয়েছে। শাদ এন্টারপ্রাইজ ছাড়াও এস আলম গ্রুপ অনুমতি নিয়েছে ১ হাজার ৯২৫ টনের।

-[redacted]

---

# [redacted]

“[redacted]” [redacted], [redacted], [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

নিহতরা হলেন আদরী বেগম (২৫) ও তার মেয়ে সম্পা (৬)। তারা সদর উপজেলার চক আতিতা গ্রামের বাসিন্দা।

নওগাঁ সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) ফায়সাল বিন আহসান গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন।

– নিউজ ডেক্স